



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ৫ ফেব্রুয়ারি, ২০২০

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ৫ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সকাল ৯টায় আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে উদ্বোধনী অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা গুরুত্বপূর্ণ। কারণ লেখাপড়ার জন্য সুস্থ মন অপরিহার্য। আর সুস্থ মনের জন্য খেলাধুলা প্রয়োজন। খেলাধুলার গুরুত্ব বিবেচনা করে বিভাগগুলোতে খেলাধুলার জন্য আর্থিক বরাদ্দ দেয়া হয়েছে।

তিনি আরো বলেন, খেলাধুলা বান্ধব পরিবেশ তৈরিতে আমরা কাজ করে যাচ্ছি। এ বিশ্ববিদ্যালয়ে আধুনিকমানের জিমনেসিয়াম ও টেনিসকোর্ট তৈরি করা হবে এবং খেলার মাঠকে আরো উন্নত করা হবে।

তিনি ক্রিকেটে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, নিয়মকানুন মেনে সুন্দর খেলা উপহার দিতে হবে। শুধু খেলাধুলা নয়, সফলতার জীবনের সবক্ষেত্রেই নিয়ম মানতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন এবং শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ-বিন-আমিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী খেলা ওশেনোগ্রাফি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের মধ্যে অনুষ্ঠিত হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার